গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd.

নং-৪৫.০৩.০০০০.০০২.০১.১০৬.২০- ২২৮২ তারিখঃ ২১/১০/২০২১ খ্রিঃ

## নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষক প্যানেল তৈরির বিজ্ঞপ্তি

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, নার্সিং শিক্ষা শাখার ১৭-১০-২০২১ খ্রিঃ তারিখের ৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০৩.২০১৯-৪৯২ নং স্মারক মূলে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন নার্সিং কলেজ/নার্সিং ইনস্টিটিউটের শিক্ষা কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষক প্যানেল তৈরির অনুমতি প্রদান করা হয়। এ প্রেক্ষিতে নার্সিং শিক্ষক ও মিডওয়াইফারি শিক্ষক প্যানেল তৈরির লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আগ্রহী নার্সিং সুপারভাইজার/ সিনিয়র স্টাফ নার্স/ স্টাফ নার্সগণের নিকট হতে সংযুক্ত ছকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

২। আবেদনের শর্তাবলী ঃ

১. শিক্ষাগত যোগ্যতাঃ এমএসএন অথবা এমপিএইচ অথবা নার্সিং বিষয়ক অনুমোদিত মাস্টার ডিগ্রি। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে নার্সিং বিষয়ক মাস্টার ডিগ্রি অর্জিত হলে উক্ত প্রতিষ্ঠান অবশ্যই ইউজিসি এর তালিকাভুক্ত হতে হবে। বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান অথবা বিদেশ হতে নার্সিং বিষয়ক নার্সিং ডিগ্রি অর্জিত হলে অত্র অধিদপ্তর কিংবা সরকার কর্তৃক পূর্ব অনুমোদন থাকতে হবে।
২. সরকারি চাকরিতে কমপক্ষে ০৪ বছর অভিজ্ঞতা থাকতে হবে।
৩. ইংরেজি ভাষায় দক্ষতা থাকতে হবে।
৪. দাঁড়িয়ে ক্লাশ নেওয়ার শারীরিক সক্ষমতা থাকতে হবে।
৫. কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে (পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ)।
৬. বিভাগীয় মামলা নেই মর্মে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৭. আদালতে মামলা নেই মর্মে প্রার্থী কর্তৃক প্রত্যয়ন দাখিল করতে হবে।
৮. জটিল রোগে আক্রান্ত নয় মর্মে মেডিকেল সার্টিফিকেট দাখিল করতে হবে।
৯. নার্সিং শিক্ষক/ মিডওয়াইফারি শিক্ষক হিসেবে যে কোন একটি পদে আবেদন করতে পাববেন এবং খামের উপর স্পষ্টভাবে নার্সিং শিক্ষক অথবা মিডওয়াইফারি শিক্ষক উল্লেখ করতে হবে।
১০. নির্বাচিত প্রার্থীগণ নার্সিং ও মিওয়াইফারি শিক্ষক প্রশিক্ষণ শেষে যে কোন নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানে নার্সিং শিক্ষক/ মিডওয়াইফারি শিক্ষক হিসেবে কাজ করতে বাধ্য থাকবেন।

৩। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীগণ সংযুক্ত ছক অনুযায়ী আবেদনপত্র কম্পিউটারে টাইপ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা বরাবর আগামী ১১-১১-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে প্রেরণ করবেন অথবা সরাসরি জমা দিবেন। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

২১/১০/২০২১
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

kibria/office Notice/DNS.

# আবেদন''ছক''

পাসপোর্ট সাইজের ছবি

বরাবর
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

বিষয়ঃ নার্সিং কলেজ/নার্সিং ইনস্টিটিউট এ নার্সিং শিক্ষক/মিডওয়াইফারি শিক্ষক প্যানেলে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের আবেদন।

নিম্নে আমার প্রয়োজনীয় তথ্যাদি আপনার সদয় অবগতির জন্য পেশ করলাম।

| ক্রম | বিষয় | তথ্য | | | |
|---|---|---|---|---|---|
| ১ | নাম | | | | |
| ২ | পুরুষ/মহিলা | | | | |
| ৩ | পিতার নাম | | | | |
| ৪ | বর্তমান কর্মস্থল | | | | |
| ৫ | জন্ম তারিখ | | | | |
| ৬ | সরকারী চাকরিতে ১ম যোগদানের তারিখ | | | | |
| ৭ | সরকারি চাকরির বয়স | | | | |
| ৮ | শিক্ষকতার অভিজ্ঞতা | | | | |
| ৯ | মোবাইল নম্বর | | | | |
| ১০ | ই-মেইল আইডি | | | | |
| ১১ | নার্সিং শিক্ষাগত যোগ্যতা | পরীক্ষার নাম | বিষয় | প্রতিষ্ঠানের নাম | পাশের সন |
| | | ক) বিএসসি ইন নার্সিং/ বিএসসি পাবলিক হেলথ নার্সিং | | | |
| | | খ) মাস্টার্স ইন নার্সিং/ এমপিএইচ/অন্যান্য | | | |
| | | গ) পিএইচডি ইন নার্সিং | | | |
| ১২ | বিভাগীয় মামলা আছে কি-না ? | হ্যাঁ/না | | | |
| | (ক) থাকলে কোন পর্যায়ে আছে। | ঃ | | | |
| ১৩ | শারিরীক সক্ষমতা সহ দাঁড়িয়ে ক্লাশ নিতেসক্ষম কি-না ? | হ্যাঁ/না | | | |
| ১৪ | ইংরেজি ভাষার দক্ষতা আছে কি-না ? | হ্যাঁ/না (সনদ থাকলে সংযুক্ত করুন) | | | |
| ১৫ | কম্পিউটার ব্যবহারে দক্ষতা আছে কি- না ? | হ্যাঁ/না (সনদ থাকলে সংযুক্ত করুন) | | | |

সংযুক্ত ঃ

১। আবেদন ''ছক'' ০১ কপি।
২। নার্সিং শিক্ষাগত যোগ্যতার সনদ ও ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি।
৩। শারীরিক সুস্থতার মেডিকেল সনদ ০১ কপি।
৪। বিভাগীয় মামলা নেই মর্মে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক সনদ ০১ কপি।
৫। কোন আদালতে মামলা নেই মর্মে প্রার্থী কর্তৃক প্রত্যয়ন পত্র।
৬। পিডিএস ফরম।

আবেদনকারীর স্বাক্ষর ঃ
নাম ঃ
পদবী ঃ
তারিখ ঃ

kibria/office Notice/DNS.